113

দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB. 9 1999... ...
পৃষ্ঠা ৮ কলাম ২

## নাটোরে বিভিন্ন রাজনীতিক ও বুদ্ধিজীবীর বিবৃতি

# ব্রাহ্মণ্যবাদী ও নাস্তিক্যবাদী শিক্ষা ব্যবস্থার চিহ্নিত দালালরা মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করছে

**নাটোর, ৮ ফেব্রুয়ারী, জেলা সংবাদদাতা :** দেশের মাদ্রাসা শিক্ষা তথা ইসলামী শিক্ষা ব্যবস্থা বন্ধ করে দেবার ষড়যন্ত্রমূলক তৎপরতার প্রতিবাদে নাটোরের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ তীব্র ঘৃণা ও ক্ষোভ প্রকাশ করেছেন। পৃথক পৃথক বিবৃতিতে নেতৃবৃন্দ বলেছেন, মাদ্রাসা শিক্ষা হচ্ছে একটি মৌলিক আদর্শবাদী শিক্ষা। শত শত বছর ধরে এদেশের মুসলিম জনগোষ্ঠী মাদ্রসায় পড়িয়ে তাদের সন্তানদের ইসলামী শিক্ষায় শিক্ষিত করে আদর্শবান মানুষ রূপে গড়ে তোলার চেষ্টা করেছেন। এদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব সংরক্ষণ এবং দেশকে গড়ে তোলার জন্য যখন আদর্শবাদী মানুষের প্রয়োজন সবচাইতে বেশী, তখন জাতির চরিত্র বিধ্বংসী ব্রাহ্মণ্যবাদী, মুশরেকী ও নাস্তিক্যবাদী শিক্ষা ব্যবস্থার চিহ্নিত দালালরা মাদ্রাসা শিক্ষা বন্ধ করে দেবার ঘৃণ্য ষড়যন্ত্র শুরু করেছে। নেতৃবৃন্দ দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের বিপক্ষে অবস্থান গ্রহণকারী এই সব চিহ্নিত তাঁবেদারদের বিরূদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার জন্য দেশের তৌহিদী জনতার প্রতি উদাত্ত আহবান জানিয়েছেন।

বিবৃতি প্রদানকারীদের মধ্যে আছেন নাটোর সদর আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপি'র সভাপতি এ্যাডভোকেট রুহুল কুদ্দুস তালুকদার দুলু, সিংড়া আসনের সংসদ সদস্য অধ্যাপক কাজী গোলাম মোর্শেদ, বিশিষ্ট ঔপন্যাসিক ও জেলা তমুদ্দুন মজলিসের সভাপতি শফিউদ্দিন সরদার, জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম বাচ্চু, জেলা জামায়াতে ইসলামীর আমীর মাস্টার আব্দুল আজিজ ও সেক্রেটারী মাস্টার আফসার আলী, জেলা মসজিদ মিশনের সভাপতি মাওলানা আলী আজগার পীর ছাহেব, স্বনির্ভর নাটোর টিসিসিএ'র সভাপতি আবদুল মান্নাফ, বড়াইগ্রাম ইসলামী সমাজ উন্নয়ন সংস্থার সভাপতি মাওলানা মির্জা মুহাম্মদ খুরশিদ আলম ও সেক্রেটারী মঈনুল হক মুকুল, জেলা ইশার সভাপতি গিয়াস উদ্দিন পাঠান ও সেক্রেটারী এ্যাডভোকেট আজিজার রহমান খান চৌধুরী আমেল এবং জেলা ইশা ছাত্র আন্দোলনের সভাপতি শেখ ফরীদ উদ্দীন।

### নেজামী ইসলাম পার্টি

প্রেস বিজ্ঞপ্তি : বর্তমান সরকার ইহুদী-খৃষ্টানদের লেলিয়ে দেয়া নাস্তিক এনজিও এবং তাদেরই ভাড়াটিয়া বুদ্ধিজীবীদের দ্বারা ইসলামী শক্তি ধ্বংস করার জন্য মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র করছে। এই ষড়যন্ত্রের তীব্র প্রতিবাদ করে বাংলাদেশে নেজামী ইসলাম পার্টির বাঁশখালী শাখার সাধারণ সম্পাদক আলহাজ্ব মাওলানা মোহাম্মদ খলিলুর রহমান আল মোহতদী এক বিবৃতিতে বলেন, এদেশের সর্বস্তরে প্রকৃত ইসলাম বিদায়ের পথে। মাদ্রাসা, মসজিদ ও আলিম ওলামাই উক্ত ষড়যন্ত্রের প্রতিবন্ধক বিধায় ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান, ইসলামী শিক্ষা ও মসজিদের বিরুদ্ধে বিভিন্ন প্রকার কাল্পনিক ষড়যন্ত্র চলছে। তিনি আরও বলেন, অবিলম্বে এ সমস্ত ষড়যন্ত্রমূলক অপপ্রচার বন্ধ করা না হলে তৌহিদী জনতা ইনশাল্লাহ যে কোন মূল্য প্রতিহত করবে।